

যুগান্তর

উল্লাপাড়া কামিল মাদ্রাসা

শিক্ষার্থীদের না জানিয়ে গোপনে ভর্তির অভিযোগ

প্রকাশ : ১৭ মে ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 উল্লাপাড়া (সিরাজগঞ্জ) প্রতিনিধি

উল্লাপাড়া কামিল মাদ্রাসা থেকে দাখিল পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের না জানিয়েই গোপনে টেলিটক সিমের মাধ্যমে মেসেজ দিয়ে ওই মাদ্রাসায় আলিমে ভর্তি করার গুরুতর অভিযোগ উঠেছে প্রতিষ্ঠানটির বিরুদ্ধে। শিক্ষার্থীরা এ ঘটনা জানতে পেরে মানববন্ধন করে ওই প্রতিষ্ঠানের বিরুদ্ধে উপজেলা নির্বাহী কর্মকর্তা বরাবর লিখিত অভিযোগ দায়ের করেছে। শিক্ষার্থীদের লিখিত অভিযোগ সূত্রে জানা যায়, উল্লাপাড়া কামিল মাদ্রাসা থেকে সদ্য দাখিল পাস করা সব শিক্ষার্থীকে না জানিয়ে টেলিটক সিমের মাধ্যমে ওই প্রতিষ্ঠানে মেসেজ দিয়ে ভর্তি কার্যক্রম সম্পন্ন করে মাদ্রাসা কর্তৃপক্ষ। শিক্ষার্থীরা বিভিন্ন প্রতিষ্ঠানে অনলাইনে ভর্তির আবেদন করতে গিয়ে জানতে পারে কামিল মাদ্রাসায় পূর্বেই তাদের ভর্তির আবেদন সম্পন্ন হয়েছে। বুধবার বিষয়টি জানতে পেরে শিক্ষার্থীরা ওই মাদ্রাসায় গিয়ে সহকারী অধ্যক্ষের কাছে ভর্তির বিষয়ে জানতে চায়। তখন তিনি শিক্ষার্থীদের জানান, এ প্রতিষ্ঠানের পক্ষ থেকে তোমাদের ভর্তি আগেই সম্পন্ন হয়েছে। এ সময় তিনি শিক্ষার্থী ও অভিভাবকদের সঙ্গে অসৌজন্যমূলক আচরণ করে সাফ জানিয়ে দেন কোথাও কোনো অভিযোগ করে লাভ হবে না। বাধ্যতামূলক এ প্রতিষ্ঠানেই সবাইকে ভর্তি হতে হবে। অন্যথায় কোনো কাগজপত্র দেয়া হবে না। এ ঘটনায় শিক্ষার্থীরা প্রতিবাদ জানালে ভাইস প্রিসিপাল আবু তালেব মোল্লা উত্তেজিত শিক্ষার্থী ও অভিভাবকদের জোর করে প্রতিষ্ঠান থেকে বের করে দেন। পরে শিক্ষার্থীরা উল্লাপাড়া প্রেস ক্লাবের সামনে এসে মানববন্ধন করে। পরে ২১ শিক্ষার্থী উপজেলা নির্বাহী কর্মকর্তার কাছে তাদের ভর্তি বাতিল ও প্রতিষ্ঠানের জালিয়াতির বিরুদ্ধে প্রতিকার চেয়ে লিখিত অভিযোগ দায়ের করে। শিক্ষার্থীদের লিখিত অভিযোগটি নির্বাহী কর্মকর্তা ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার কাছে প্রেরণ করেছেন। এ বিষয়ে কথা হলে উল্লাপাড়া কামিল মাদ্রাসার অধ্যক্ষ মাওলানা আতিকুর রহমান জানান, প্রতিষ্ঠানের স্বার্থে শিক্ষার্থীদের এভাবে ভর্তি করা হয়েছে। এ নিয়ে তিনি কোনো সংবাদ প্রকাশ না করার অনুরোধ জানান।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যন্মনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।